

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৫.২৩.৩৮৯.১৪- ১৪৪

তারিখঃ ১৫.১০.২০১৫

বিষয়ঃ আগামী ২৫ নভেম্বর, ২০১৫ হতে ১০ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং ৯ ডিসেম্বর, ২০১৫ তারিখে বেগম রোকেয়া দিবস পালন উপলক্ষে “জয়িতা অশেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর, ২০১৫ হতে ১০ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস, ২০১৫ প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে “জয়িতা অশেষণে বাংলাদেশ” শীর্ষক একটি বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সকল বিভাগীয় কমিশনারগণকে আধা সরকারী পত্র প্রেরণ করা হয়েছে।

উক্ত কার্যক্রমের ধারাবাহিকতায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে তৃণমূল পর্যায়ের বিভিন্ন ক্ষেত্রে সফল নারী তথা জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে “জয়িতা অশেষণে বাংলাদেশ” শীর্ষক একটি বিশেষ কার্যক্রম গৃহীত হয়েছে। যার মাধ্যমে তাঁদের অনুপ্রেরণা যোগানো সম্ভব হলে সমাজের আপামর নারীদের মধ্যে আস্থা সৃষ্টি হবে এবং তাঁরাও জয়িতা হতে অনুপ্রানিত হবে।

ইতোপূর্বে প্রেরিত ধারণা পত্র মোতাবেক স্থানীয় প্রশাসনের নির্দেশনায় ও সহযোগিতায় কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। প্রসঙ্গতঃ উল্লেখ্য, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০১৫ উদযাপনের জন্য জেলা পর্যায়ে ৮,০০০/- টাকা ও উপজেলা পর্যায়ে ৬,০০০/- টাকা এবং বেগম রোকেয়া দিবস ২০১৫ উদযাপনের জন্য জেলা পর্যায়ে ১৩,৫০০/- টাকা এবং উপজেলা পর্যায়ে ৭,৩০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা এ কর্মসূচি বাস্তবায়নের জন্য ব্যয় করা যাবে।

জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

.....


.....

কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।


(সাহিন আহমেদ চৌধুরী)
মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।